চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

৫ আগষ্ট ২০১৭ খ্রি.

চট্টগ্রাম নগরীর ৪১টি ওয়ার্ডে ১২৮৮ কেন্দ্রে জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন পালিতউদ্বোধন করলেন- মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন

সারা দেশের ন্যায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনও নগরীর ৪১ ওয়ার্ডে ১২৮৮ কেন্দ্রে ৬-১১ মাস বয়সী প্রায় ৭৫ হাজার শিশুকে একটি নীল রঙের জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাপসুল এবং ১২-৫৯ মাস বয়সী ৪ লক্ষ ৮০ হাজার শিশুকে একটি লাল রঙের জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাপসুল খাওয়ানো হয়েছে। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন ৫ আগষ্ট ২০১৭ খ্রি. শনিবার, সকালে কর্পোরেশন পারিচালিত নগরীর উত্তর কাট্টলীস্থ আলহাজ্ব মোস্তফা-হাকিম নগর মাতৃসদন হাসপাতালে শিশুদের ভিটামিন 'এ' ক্যাপসুল খাইয়ে ক্যাম্পেইন' র উদ্বোধন করেন। এ সময় যে সমস্ত শিশুর বয়স ৬ মাস পূর্ণ হয়েছে তাদেরকে মায়ের দুধের পাশপাশি ঘরে তৈরি সুষম খাবার খাওয়ানোর বিষয়ে পুষ্টি বার্তা বিতরণ করা হয়। এ উপলক্ষ্যে অনুষ্ঠিত সুধী সমাবেশে সভাপতিত্ব করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কাউন্সিলর ও প্যানেল মেয়র-৩ অধ্যাপক নিছার উদ্দীন আহমেদ মঞ্জু। এতে প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরশেনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন স্বাস্থ্য ও শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি ও ২৪নং ওয়ার্ড কাউন্সিলর নাজমুল হক ডিউক, চসিকের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরী, স্বাস্থ্য কর্মকর্তা মোহম্মদ আলী, আলহাজ্ব মোস্তফা হাকিম হাসপাতালের ইনচার্জ ডা.নাছিম ভুঁইয়া, স্থানীয় সমাজসেবক নেছার আহমদ, ইকবাল চৌধুরী, আবু সুফিয়ানসহ অন্যান্য নেতৃবৃন্দ। অনুষ্ঠান উপস্থাপনায় ছিলেন জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম। অনুষ্ঠানের প্রধান অতিথির বক্তব্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত জেনারেল হাসপাতালে কিডনি রোগীদের জন্য ডায়লোসিস, আলহাজ্ব

মোস্তফা-হাকিম নগর মাতৃসদন হাসপাতালে আধুনিক ল্যাবরেটরী সহ আলট্রাসনোগ্রাফী সংযোজন করার ঘোষনা দিয়ে বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত মাতৃসদন, জেনারেল হাসপাতাল, নগরস্বাস্থ্য কেন্দ্র, দাতব্য চিকিৎসালয়সহ সর্বত্র আধুনিক মানের চিকিৎসা সেবা নিশ্চিত করা হয়েছে। তিনি নগরবাসী সকলকে চসিক পরিচালিত সহজলভ্য চিকিৎসা সেবা গ্রহণ করার আহ্বান জানান। মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, সারাদেশের ন্যায় চট্টগ্রাম নগরীতে ১২৮৮ টি স্থায়ী-অস্থায়ী টিকাদান কেন্দ্রে আজ ভিটামিন ‘এ’ প্লাস ক্যাপসুল খাওয়ানো হচ্ছে। ৬ থেকে ১১ মাস বয়সী শিশুরা ১ টি করে নীল রঙের ও ১২ থেকে ৫৯ মাস বয়সী শিশুরা ১ টি করে লাল রঙের উচ্চ ক্ষমতা সম্পূর্ণ ভিটামিন ‘এ’ ক্যাপসুল খাবে। তিনি বলেন, ভিটামিন ‘এ’ এর অভাবজনীত কারণে শিশুদের মৃত্যু ঝুঁকি বাড়ে।

উল্লেখ্য যে, ৫ জুলাই সকাল ৮ থেকে বিকেল ৪ টা পর্যন্ত নগরীর ৪১ ওয়ার্ডে এই ভিটামিন ‘এ’ প্লাস ক্যাপসুল খাওয়ানের কার্যক্রম চলে। স্ব-স্ব ওয়ার্ডের কাউন্সিলরদের তত্ত্বাবধানে কর্পোরেশনের স্বাস্থ্য কর্মকর্তা, স্বাস্থ্য সহকারী, স্বাস্থ্যকর্মী ও সংশ্লিষ্ট ইপিআই টেকনিশিয়ান, সুপারভাইজার, টিকাদান কর্মী-স্বাস্থ্যকর্মীগণ এই কাজে নিয়োজিত ছিলেন। প্রধান অতিথির ভাষনে মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন প্রত্যেক সচেতন অভিভাবককে তাদের শিশুকে স্ব-স্ব ওয়ার্ডের নিকটস্থ টিকাদান কেন্দ্রে নিয়ে গিয়ে ভিটামিন ‘এ’ প্লাস ক্যাপসুল খাওয়ানের আহ্বান জানান জানিয়ে বলেন, সিটি কর্পোরেশনের নেয়া এই স্বাস্থ্যসেবা কার্যক্রম চট্টগ্রামসহ দেশব্যাপী সুনাম কুড়িয়েছে। তিনি বলেন, প্রতি বছর ১৩ কোটি টাকা ভতুর্কি দিয়ে স্বাস্থ্য সেবা অব্যাহত রাখা হয়েছে। ইতোমধ্যে নগরে বসবাসরত গরীব ও স্বল্প আয়ের মানুষ যাতে সুলভে চিকিৎসাসেবা পায় সেজন্য ওয়ার্ড পর্যায়ে পরিচালিত হাসপাতাল ও স্বাস্থ্যসেবাকেন্দ্রের রোগী রেজিষ্টেশন ফি ৩০ টাকা থেকে কমিয়ে ১০ টাকা নির্ধারণ করা হয়েছে। মাননীয় মেয়র বলেন, নানা কারণে কর্পোরেশনের হাসপাতালে কর্মরত চিকিৎকদের উপযুক্ত সম্মানী দেয়া যাচ্ছে না। তাদের ন্যায্য সম্মানী দেয়া গেলে নগরীর স্বাস্থ্যসেবার পরিধি আরো বৃদ্ধি পেতো। তিনি বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রস্তাবিত জনবল কাঠামো অনুমোদিত হলে কর্পোরেশনের স্বাস্থ্যসেবা খাতে ভর্তুকির পরিমান আরও বাড়বে ও নতুন চিকিৎসক, নার্স, ওয়ার্ড বয়, কর্মকর্তা-কর্মচারি নিয়োগ পাবে।

৫ আগষ্ট ২০১৭ খ্রি.

বাংলাদেশ ছাত্রলীগ কেন্দ্রীয় সংসদের সাবেক সহ সম্পাদক সাইফুল ইসলাম ইমনের পিতা সাবেক সরকারী কর্মকর্তা মো. শাহআলমের মৃত্যুতে মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীনের শোক

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বাংলাদেশ ছাত্রলীগ কেন্দ্রীয় সংসদের সাবেক সহ সম্পাদক সাইফুল ইসলাম ইমনের পিতা সাবেক সরকারী কর্মকর্তা মো. শাহআলমের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন। তিনি ৫ আগষ্ট ২০১৭ খ্রি. শনিবার এক শোকবার্তায় মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত ও শোক সন্তপ্ত পরিবার পরিজনের প্রতি সমবেদনা জানান।

৫ আগষ্ট ২০১৭ খ্রি.

৩২নং আন্দরকিল্লা ওয়ার্ডে স্মার্ট কার্ড বিতরণ করলেন মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন

বাংলাদেশ নির্বাচন কমিশন ভোটারদের ডিজিটাল পদ্ধতির ভোটার আইডি কার্ড বিতরণ কর্মসূচি বাস্তবায়ন করছে। তারই আলোকে ৫ আগষ্ট ২০১৭ খ্রি. শনিবার, সকালে নগরীর আন্দরকিল্লা ওয়ার্ডস্থ মুসলিম এডুকেশন সোসাইটি উচ্চ বিদ্যালয়ে ভোটারদের মাঝে ডিজিটাল ভোটার আইডি কার্ড বিতরণ কার্যক্রম উদ্বোধন করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। এ কার্যক্রম ৫ আগষ্ট থেকে ২২ আগষ্ট ২০১৭ পর্যন্ত চলমান থাকবে। ৩২নং আন্দরকিল্লা ওয়ার্ডের সকল ভোটারদেরকে মুসলিম এডুকেশন সোসাইটি উচ্চ বিদ্যালয় থেকে তাদের স্মার্ট কার্ড গ্রহণ করার সুযোগ পাবেন। এ সময় অনুষ্ঠিত সুধী সমাবেশে মেয়র বলেন, বর্তমান সরকার জনগনকে দেয়া প্রতিটি প্রতিশ্রুতি অক্ষরে অক্ষরে পালন করে যাচ্ছে। গণতন্ত্রকে সুসংহত করে জনগনের দোরগৌড়ায় গণতন্ত্রের সুফল পৌঁছে দেয়ার লক্ষ্যে সরকার স্বাধীন নির্বাচন কমিশন গঠন করেছেন। নির্বাচন কমিশন সম্পূর্ণ স্বাধীনভাবে আসন্ন জাতীয় সংসদ নির্বাচন পরিচালনার লক্ষ্যে নানা মুখী প্রদক্ষেপ গ্রহণ করেছে। আমার ভোট আমি দিব, যাকে খুশী তাকে দেব-জননেত্রী শেখ হাসিনার এ শ্লোগান বাংলাদেশে পরিপূর্ণ বাস্তবায়িত হয়েছে। মেয়র আসন্ন নির্বাচনে চলমান

উন্নয়নের ধারা অব্যাহত এবং গণতন্ত্রকে সুসংহত করার লক্ষ্যে সরকারের ধারাবাহিকতা রক্ষার আহবান জানান। স্মার্ট কার্ড বিতরণ অনুষ্ঠানে ৩২নং ওয়ার্ড কাউন্সিলর জহর লাল হাজারী, চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সদস্য বেলাল আহমদ, মেয়রের একান্ত সহকারী সচিব রায়হান ইউসুফ, আওয়ামীলীগ নেতা মোরশেদুল আলমসহ সংশ্লিষ্ট নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা